

সম্পাদকীয়

রাত্রির তমোচ্ছন্নতা যেরূপ সূর্যের উদয়মাত্র দূরীভূত হয়, পরম করুণাময় ঈশ্বরের অহৈতুকী কৃপালাভে ভক্তের পাপরাশি যেরূপ লহমামাত্রে বিদূরিত হয়, তদ্রূপ সদগুরুআশ্রিত জীবাত্মাসকলের অকিঞ্চিৎকর মানবজীবনে কদাচিৎ এরূপ সৌভাগ্যাদির উদ্বেক হয়, যাহার আত্মদান তৎক্ষণাৎ তাদের দেবদুল্লভ সৌভাগ্যের অধিকারী করে তোলে। শ্রীশ্রীমায়ের অগণিত ভক্ত-শিষ্যবৃন্দের সেই শুভদিন আজ সমাগত। বিগত দুই দশকে শ্রীশ্রীমায়ের আত্মত্যাগ, কৃচ্ছসাধন, কঠোর সাধনা, সেবা, জীবকল্যাণে আত্মনিয়োগ ও সর্বোপরি সনাতন ধর্মের পরিপালনে তাঁর নিষ্ঠা—এক কথায় তাঁর সমস্ত কর্মের একীভূত মাতৃসঙ্কল্প মূর্ত হতে চলেছে আগামী ২৬শে পৌষ, ১৪১৫ (ইং ১০ই জানুয়ারী, ২০০৯)-র মহালগ্নে, অথও মহাপীঠস্থ শ্রীশ্রীনাঙ্গাবাবা ও মহাবতার শ্রীশ্রীবাবাজী মহারাজের নবনির্মিত শ্বেতমর্মর মন্দিরের উদ্বোধনের মধ্য দিয়ে। শ্রীশ্রীমায়ের প্রতিটি আধ্যাত্মিক মুহূর্তের স্বপ্ন, তাঁর চরণাশ্রিত মহানুভব কিছু ভক্তের ঐকান্তিক প্রচেষ্টা ও অধ্যবসায়ের সম্মিলিত ফল এই মন্দির। যাঁরা এই মাতৃসঙ্কল্পের রূপদানকারী হয়ে রইলেন, যাঁরা এই দ্বারোদঘাটনের সাক্ষী হয়ে রইলেন, তাঁদের জন্মজন্মান্তর সার্থক—সার্থক তাঁদের মানবজীবন। আজ তবে বেজে উঠুক জয়শঙ্খ, আকাশ মাতিয়ে তুলুক আনন্দভেরী, পবনহিল্লোলে আন্দোলিত হউক সুগন্ধপুষ্প, ধূপদীপের সুঘ্রাণে ভরে উঠুক বাতাস। অগণিত ভক্তবৃন্দের হৃদয়উল্লাসে ঘোষিত হোক সেই মহাবতারের রাজকীয় সমাবর্তন—পার্শ্ব মর্মরমূর্তিতে ত্রিলোক পরিব্যাপ্ত পুরুষের হোক আত্মপ্রকাশ। পরমেশ্বরের যে শক্তি সর্বব্যাপিনী ও সর্বনিয়ন্ত্রী, তাহাই “গায়ত্রী”। সেই বিরাট পুরুষের অভিষেকের পুণ্যলগ্নে তাই মন্দির হবে গায়ত্রীমহামন্ত্র, যজ্ঞের পবিত্র হোমাগ্নিকে সাক্ষী রেখে। এই যুগান্তকারী আধ্যাত্মিক ঘটনার মহাপুণ্যলগ্নে সদগুরুর করুণা-সিদ্ধি হতে সকল মহাবতার ও শ্রীশ্রীমায়ের চরণকমলে আমরা বিনম্র প্রণতি জানাই—আমাদের আধ্যাত্মিক উত্তরণ নির্বিঘ্ন হউক ॥



Editorial

Just as the darkness of night lifts its veil at the touch of dawn, as the accumulated sin of a devotee evaporates into oblivion by the grace of God, extraordinary occasions do sometimes grace the lives of mere mortals that transcend them to the realm of divine bliss. The devotees and followers of Sree Sree Maa are going to witness such a joyous event pretty soon as we can feel the aura of divine fragrance hanging in the air to herald the fulfillment of Sree Sree Maa's spiritual dream of erecting a temple dedicated to the holy memory of Shri Shri Nanga Baba and Mahavatar Shri Shri Babaji Maharaj – a dream that has shaped her life and mission over the past two decades, a vision that has triggered her self-sacrifice, her austerity, spiritual pursuits, her service to mankind and above all, her devotion for fostering the spirit of eternal truth.

We will all bask in the divine aura and feel the divine nectar stream in our blood as we await with bated breath the holy inauguration of the temple of Shri Shri Nanga Baba, Mahavatar Shri Shri Babaji Maharaj, Shri Shri Shyamacharan Lahiri Mahashay and Shri Shri Sachchidananda Paramhansa on 10th January 2009 on the auspicious occasion of "Pous Sankranti". This pious monument, etched out of impeccable white marble, is the culmination of Sree Sree Maa's vision and the joint effort of many of her devotees and disciples. Blessed are those who lent their humble support in realizing her dream while those who would be witness to this tempestuous moment, will be equally fortunate.

Let then the peal of trumpets fill the air, let the flowers spread their heady fragrance and let the incense make the ambience sublime. Let all of us join our hands to herald the holy ascent of the spiritual masters on their earthly throne. Let the hymn of "gayatri", the omnipresent and omniscient power of the supreme being, reverberate in the air in unison with the crimson glory of the sacrificial fire.

Come! let all of us make humble obeisance and pay our homage to Sree Sree Maa and other spiritual masters to pray for our upliftment from the pettiness of mortality to the glory of sublimity.

